ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৫৬ ● কলকাতা ● ১৪ ফাল্গুন, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ২৭ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## ছাতারপুরের গাধায় এক গণবিবাহ অনুষ্ঠানে রাষ্ট্রপতি



**নতুন দিল্লি, ২৬ ফেব্রুয়ারি, ২০২৫**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ২৬ ফেব্রুয়ারি, মধ্যপ্রদেশের ছাতারপুরের গাধায় গণ বিবাহের একটি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। শ্রী বাগেশ্বর জনসেবা সমিতি এই মহতী উদ্যোগের আয়োজন করে।

এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, আমাদের দেশ অতীতে মহিলাদের উন্নয়নের বিষয়ে গুরুত্ব দিতো। কিন্তু বর্তমানে দেশ মহিলাদের নেতৃত্বে

এরপর ৩ পৃষ্ঠায়

## মমতার ইন্ডোরের সভা দেখানোর ব্যবস্থা রাজ্যজুড়ে



**বেবি চক্রবর্তী: কলকাতা**

ছাব্বিশের বিধানসভা নির্বাচনের আগে সংগঠনের সামগ্রিক কৌশল নিয়ে নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতাজি ইনডোর স্টেডিয়ামে রাজ্য কনভেনশনের বক্তব্য যাতে বুথ স্তরের দলীয় কর্মীরাও দেখতে পান তার জন্য বিশেষ ব্যবস্থা নিচ্ছে তৃণমূল কংগ্রেস। দলের সাংসদ থেকে পঞ্চায়েত স্তরের জনপ্রতিনিধিদের পাশাপাশি সমস্ত শাখা সংগঠনের জেলা পর্যায়ের নেতৃত্ব আগামী বৃহস্পতিবার ইনডোরে আসছেন।সব মিলিয়ে ১৯ হাজারের বেশি প্রতিনিধি ২৭ ফেব্রুয়ারি, বৃহস্পতিবারের রাজ্য সম্মেলনে আসছেন। তাই ইনডোরের চারপাশ ও ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্র ঘিরে ২০টির বেশি জায়ান্ট স্ক্রিন বসানো হচ্ছে।

সূত্রের খবর, জেলায় জেলায় বিভিন্ন তৃণমূল কংগ্রেস অফিসে নেত্রীর বক্তব্য সরাসরি জায়ান্ট স্ক্রিনে এলাকার সাধারণ কর্মীদের দেখানোর ব্যবস্থা করছে সেখানকার দলীয় নেতৃত্ব। সকাল ১১টায় প্রতিনিধি সম্মেলন শুরু হবে, দুপুরেই নেত্রীর বক্তব্য দিয়েই শেষ হবে। মূল লক্ষ্য, দূরের জেলা থেকে আসা প্রতিনিধিরা যাতে ওই দিনই বাড়ি ফিরে

এরপর ৩ পাতায়






# রাডোর ডায়াস্টার অরিজিনাল x তেজ চৌহান: ঐতিহ্য ও উদ্ভাবনের এক অনন্য মেলবন্ধন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রাডো, যাকে "মাস্টার অব ম্যাটেরিয়ালস" হিসেবে সম্মাননা দেওয়া হয়, তাদের সর্বশেষ মাস্টারপিস ডায়াস্টার অরিজিনাল x তেজ চৌহান উন্মোচন করেছে। ব্রিটিশ ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনার তেজ চৌহানের দূরদর্শিতার সঙ্গে রাডোর ৬ দশকের ঐতিহ্যকে মিশিয়ে তৈরি হয়েছে এই অনন্য টাইমপিস। ডায়াস্টার অরিজিনালের এই আধুনিক সংস্করণে ব্যবহার করা হয়েছে হলুদ-গোল্ড পিভিডি কোটেড সেরামোস™ বেজেল, যা টেকসই এবং দৃষ্টিনন্দন। হালকা ধূসর রঙের পিলো-শেপড রাবার স্ট্র্যাপ ও ম্যাট ব্ল্যাক ডায়ালের সঙ্গে নীল ও সিলভার মিনিট ট্র্যাক এই ঘড়িকে দিয়েছে এক আধুনিক রূপ।

এই ঘড়ির হৃদয়ে রয়েছে রাডোর ক্যালিবার R764 অটোমেটিক মুভমেন্ট, যা ৮০-ঘন্টার পাওয়ার রিজার্ভ এবং নিভাক্রন™ অ্যান্টিম্যাগনেটিক হেয়ারস্প্রিং-এর মাধ্যমে নিখুঁত সময় প্রদান করে। ১০ বার (১০০ মিটার) ওয়াটার রেজিস্ট্যান্সের সঙ্গে এই টাইমপিসটি ডিজাইন ও পারফরম্যান্সের এক অনন্য সমন্বয়।

রাডোর সিইও অ্যাড্রিয়ান বোসহার্ড বলেন, "তেজ চৌহান ডায়াস্টারকে নতুন উচ্চতায় নিয়ে গেছেন, এর ঐতিহ্যকে সম্মান জানিয়েছেন এবং একই সঙ্গে এটিকে আধুনিক রূপ দিয়েছেন।" তেজ চৌহান জানান, "ডায়াস্টার অরিজিনাল একটি আইকনিক ডিজাইন, তাই চ্যালেঞ্জ ছিল এর অখণ্ডতা বজায় রেখে নতুনত্ব আনা।"

রাডো ডায়াস্টার অরিজিনাল x তেজ চৌহান শুধু একটি ঘড়ি নয়, এটি শিল্প, কারুকার্য এবং উদ্ভাবনের এক জীবন্ত উদাহরণ। এই অনন্য টাইমপিসটি পাওয়া যাচ্ছে rado.com-এ।

## ২০২৫ সালের মধ্যে সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে সেমিকন্ডাকটর চিপ ভারত তৈরি করতে পারবে বলে গ্লোবাল ইনভেস্টার্স সামিট ২০২৫-এ শ্রী অশ্বিনী বৈষ্ণব ঘোষণা করেছেন

**নতুন দিল্লি, ২৫ ফেব্রুয়ারি, ২০২৫**

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব ভোপালে অনুষ্ঠিত গ্লোবাল ইনভেস্টার্স সামিট ২০২৫-এর দ্বিতীয় দিনে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে অংশগ্রহণ করেন। বিনিয়োগকারীদের আন্তর্জাতিক এই শীর্ষ সম্মেলনে পবিত্র মহা শিবরাত্রিতে এইচএলবিএস-এর নতুন কারখানার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে সেমিকন্ডাকটর ২০২৫ সালের মধ্যে তৈরি করা সম্ভব হবে বলে তিনি ঘোষণা করেন।

মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শ্রী মোহন যাদব-এর উদ্যোগে এই রাজ্যে বৈদ্যুতিন সরঞ্জাম উৎপাদনের ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি নজরে আসছে। ভোপালে এবং জব্বলপুরে দুটি বৈদ্যুতিন সামগ্রী উৎপাদনের ক্লাস্টার গড়ে তোলার অনুমতি প্রধানমন্ত্রী দিয়েছেন। বর্তমানে কেন্দ্র এবং রাজ্য সরকারের বিভিন্ন উদ্যোগের ফলে ৮৫টি সংস্থা মধ্যপ্রদেশে বৈদ্যুতিন সরঞ্জাম উৎপাদন করছে।

কেন্দ্রীয় বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী জানান, মধ্যপ্রদেশে ফিউচার স্কিলস প্রোগ্রামের আওতায় ২০ হাজার

এরপর ৩ পাতায়

# ToneTag-এর বিশাল সাফল্য: ৬৭৪ কোটি টাকার বিনিয়োগ সংগ্রহ!




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের অন্যতম শীর্ষ ভয়েস-ভিত্তিক পেমেন্ট সলিউশন প্রদানকারী ToneTag (Naffa Innovations Pvt. Ltd.) তাদের Series B2 ফান্ডিং রাউন্ডে ৬৭৪ কোটি টাকা সংগ্রহ করেছে। এই বিনিয়োগের নেতৃত্ব দিয়েছে ValueQuest S.C.A.L.E. Fund, সাথে রয়েছে Iron Pillar, Elevate Inflection Capital LLC ও অন্যান্য বিনিয়োগকারী সংস্থাগুলি।

ToneTag বর্তমানে ৩০ মিলিয়নেরও বেশি দৈনিক লেনদেন পরিচালনা করছে, যা তাদের উদ্ভাবনী সাউন্ডওয়েভ পেমেন্ট প্রযুক্তির শক্তিশালী ভিত্তি প্রদর্শন করে। এই বিনিয়োগ ব্যবহার করে কোম্পানি গ্লোবাল এক্সপানশন, আরঅ্যান্ডডি উন্নয়ন, ট্যালেন্ট নিয়োগ এবং মার্কেটিং প্রচারণা জোরদার করবে।

ToneTag-এর নতুন লক্ষ্যমাত্রা হল এশিয়া, দক্ষিণ আমেরিকা এবং মধ্যপ্রাচ্যের বাজার দখল করা এবং UPI পেমেন্ট ব্যবস্থাকে আরও বিস্তৃত করা। বিনিয়োগকারীরা ToneTag-এর এই প্রযুক্তিকে ভবিষ্যতের ডিজিটাল পেমেন্ট ইকোসিস্টেমের জন্য গেম-চেঞ্জার বলে মনে করছেন।

কোম্পানির সিইও কুমার অভিষেক বলেছেন, "এই বিনিয়োগ আমাদের প্রযুক্তির উপর আস্থা প্রকাশ করে। এটি শুধুমাত্র ToneTag-এর নয়, বরং ভারতের উদ্ভাবনী পণ্যের জন্যও একটি বড় মাইলফলক।"

ToneTag-এর এই বিশাল বিনিয়োগ এক নতুন যুগের সূচনা করতে চলেছে, যেখানে ভয়েস-ভিত্তিক লেনদেন প্রযুক্তি ডিজিটাল পেমেন্টের ভবিষ্যৎ নির্ধারণ করবে!






(১ম পাতার পর)

# ছাতারপুরের গাধায় এক গণবিবাহ অনুষ্ঠানে রাষ্ট্রপতি

উন্নয়নে এগিয়ে চলেছে। আর তাই আমাদের মেয়েদের আরও শক্তিশালী ও দক্ষ করে তুলতে হবে। নারী শিক্ষা, স্বাস্থ্য ও সুরক্ষার প্রতি সকলকে গুরুত্ব দেওয়ার আহ্বান জানান তিনি। ব্যক্তিগতস্তরে প্রত্যেকের ক্ষুদ্র প্রয়াসই মহিলাদের ক্ষমতাশালী করে তুলতে পারে। তাঁদের শিক্ষিত এবং স্বনির্ভর হয়ে ওঠার জন্য সব ধরনের উদ্যোগ গ্রহণ করার পরামর্শ দেন তিনি। রাষ্ট্রপতি বলেন, যুগ যুগ করে আমাদের সভ্যতায় সাধু সন্ন্যাসীরা জনসাধারণকে পথ দেখিয়ে এসেছেন। সমসাময়িক সমাজে বিভিন্ন সামাজিক ব্যাধির বিরুদ্ধে তারা সোচ্চার হয়েছেন। জাতপাত, লিঙ্গ সহ অন্যান্য বিষয়ের উপর ভিত্তি করে যখনই কোনো বৈষম্য দেখা দিয়েছে তখনই এই সাধু সন্ন্যাসীরা তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। গুরু নানক, সন্ত রবিদাস, সন্ত কবিরদাস, মীরাবাঈ, অথবা সন্ত তুকারাম প্রত্যেকেই জনসাধারণকে শিক্ষার মাধ্যমে তাঁদের সঠিক পথ বেছে নিতে অনুপ্রাণিত করেছেন। ভারতীয় সমাজে তাঁদের অবদানকে যথাযথ সম্মান দেওয়া হয়। রাষ্ট্রপতি বলেন, আত্মনির্ভর, সৌহার্দ্যপূর্ণ এবং পরিবেশবান্ধব ভারত গড়ার ক্ষেত্রে বর্তমান সময়কালের আধ্যাত্মিক নেতারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

(১ম পাতার পর)

# মমতার ইন্ডোরের সভা দেখানোর ব্যবস্থা রাজ্যজুড়ে

যেতে পারেন। আজ, বুধবার থেকে বিভিন্ন জেলা থেকে প্রতিনিধিরা কলকাতা পৌঁছে তৃণমূল ভবনে যোগাযোগ করে ডেলিগেট কার্ড সংগ্রহ করছেন।

দলের তরফে মঙ্গলবার রাজ্য সভাপতি সুব্রত বক্সি-সহ রাজ্য নেতৃত্ব নেতাজি ইন্ডোরে গিয়ে মূল মঞ্চ এবং বিভিন্ন স্তরের জন প্রতিনিধিদের বসার শ্রেণিবিন্যাস করে নিয়েছেন। সাংসদ, বিধায়ক থেকে শুরু করে জেলা সভাপতি এবং শাখা সংগঠনের রাজ্য নেতৃত্ব কোথায় বসবে তা-ও চিহ্নিত করে দিয়েছেন সুব্রত বক্সি। এদিকে দলের জেলা সভাপতিদের এদিনই রাজ্য তৃণমূল সভাপতির তরফে নির্দেশ পাঠিয়ে জানানো হয়েছে, আগের প্রতিনিধি তালিকার পাশাপাশি এসসি ও ওবিসি সেল, এসটি সেল, সংখ্যালঘু সেল, কিষান খেতমজুর সেল, কলকাতার তৃণমূল-যুব, মহিলা, আইএনটিটিইউসির সভাপতিরা প্রতিনিধি হয়ে আসবেন। এছাড়াও তৃণমূল যুব কংগ্রেস, তৃণমূল মহিলা কংগ্রেস, রাজ্য শিক্ষা সেল, আইএনটিটিইউসি, এসসি-এসটি-ওবিসি, কিষান খেতমজুর, সংখ্যালঘু সেল, মিডিয়া সেল, আইটি সেলের রাজ্য কমিটির সকল সদস্যই প্রতিনিধি হয়ে ইনডোরে ঢুকতে পারবেন

# শাহী স্নানের শেষ দিনে মহাকুম্ভতে কয়েক লাখ মানুষের ভিড়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আজ শেষ হচ্ছে মহাকুম্ভর শাহীস্নান। আর ধর্ম প্রাণ লাখ লাখ মানুষ নেমে পরেছেন শাহীস্নানে। আজ বুধবারই শেষ শাহি স্নান। ফলে সে রাজ্য তো বটেই, দেশের বিভিন্ন প্রান্ত থেকে মানুষরা সকাল থেকে ভিড় জমিয়েছেন মহাকুম্ভে। এমনকী বিদেশ থেকেও বহু মানুষ প্রয়াগরাজে শাহি স্নান সারতে ভিড় জমিয়েছেন। মনে করা আজ মহাকুম্ভে (Maha Kumbh 2025) কয়েক লাখ মানুষ স্নান সারবেন। আর সেদিকে তাকিয়ে কড়া নিরাপত্তার মোড়কে সম্পূর্ণ প্রয়াগরাজ। খোলা হয়েছে বিশেষ কন্ট্রোল রুম। সেখানে বসে আছেন স্বয়ং মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।একদিন বা দুদিন নয়, টানা ৪৫ দিন ধরে চলেছে মহাকুম্ভ। আজ মহাকুম্ভ মেলার ষষ্ঠ ও শেষ স্নান। ফলে শেষ সুযোগ নিতে বিপুল মানুষের সমাগম। ভোররাত থেকে শুরু হয়েছে শাহি স্নান। প্রশাসনের দাবি, সকাল ৯টা পর্যন্ত ৫৫ লাখ মানুষ সঙ্গমের বিভিন্ন ঘাটে স্নান সেরেছেন। তবে সংখ্যাটা প্রতি সময় বাড়ছে বলেই দাবি। অন্যদিকে ১৩ জানুয়ারি থেকে শুরু হওয়া এই মহাকুম্ভে এখনও পর্যন্ত ৬৫ কোটি মানুষ স্নান সেরেছেন বলে দাবি প্রশাসনের। যা নয়া রেকর্ড বলছেন আধিকারিকরা। গত একমাসেরও বেশি সময় ধরে চলা মহাকুম্ভে ঘিরে একাধিক ঘটনা ঘটেছে। পদপিষ্টে মৃত্যু হয়েছে ৩০ জনের। এই অবস্থায় শেষে শাহি স্নানকে ঘিরে যাতে কোনও অঘটন না ঘটে সেজন্য কড়া নজর রাখছেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। গোরক্ষনাথ মন্দিরে তৈরি হয়েছে বিশেষ কন্ট্রোল রুম।

(২ পাতার পর)

## ২০২৫ সালের মধ্যে সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে সেমিকন্ডাকটর চিপ ভারত তৈরি করতে পারবে বলে গ্লোবাল ইনভেস্টার্স সামিট ২০২৫-এ শ্রী অশ্বিনী বৈষ্ণব ঘোষণা করেছেন

ইঞ্জিনিয়ারকে প্রশিক্ষণ দেওয়া হবে। গত এক দশক ধরে সংশ্লিষ্ট শিল্পে অভূতপূর্ব উন্নতি নজরে এসেছে। বর্তমানে ভারত থেকে ৫ লক্ষ কোটি টাকা মূল্যে বৈদ্যুতিন সরঞ্জাম রপ্তানী হচ্ছে। এর মধ্যে রয়েছে মোবাইল ফোন, ল্যাপটপ, সার্ভার সহ নানা সামগ্রী।

সেমিকন্ডাকটর উৎপাদনে ভারতে যথেষ্ট অগ্রগতি লক্ষ্য করা যাচ্ছে। বর্তমানে ৫টি ইউনিট থেকে এই সেমিকন্ডাকটর উৎপাদিত হচ্ছে। ২০২৫ সালের মধ্যে সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি চিপ বাজারে আসবে বলে তিনি ঘোষণা করেন। সেমিকন্ডাকটর এবং বৈদ্যুতিন সামগ্রীর উৎপাদনে উপযুক্ত পরিবেশ গড়ে তুলতে সরকার ৮৫ হাজার ইঞ্জিনিয়ারকে বিশেষ প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ নিয়েছে। প্রধানমন্ত্রীর দূরদর্শী পদক্ষেপের কারণে দেশের বৈদ্যুতিন সামগ্রী উৎপাদন শিল্প নতুন এক উচ্চতায় পৌঁছেছে।

মধ্যপ্রদেশে ১ লক্ষ বর্গফুট এলাকা জুড়ে নতুন যে তথ্য প্রযুক্তি কেন্দ্র গড়ে উঠেছে সেখান থেকে সার্ভার, ডেস্কটপ, মাদারবোর্ড, চেসিস, র‍্যাম, এসএসডি, ড্রোন এবং রোবট সহ বিভিন্ন অত্যাধুনিক সামগ্রী উৎপাদিত হবে। আগামী দিনে এই কেন্দ্রে দেড়শো কোটি টাকা বিনিয়োগ হতে চলেছে, যার ফলে প্রায় ১২শো পেশাদার ব্যক্তিত্ব এখানে কাজ করতে পারবেন। ২০৪৭ সালের মধ্যে উন্নত ভারত গড়ে তোলার লক্ষ্যে মোদী সরকার অত্যাধুনিক পরিকাঠামো ও দক্ষতা বিকাশের উপর নানা নীতি গ্রহণ করেছে। সরকার পরিকাঠামো, বিনিয়োগ এবং সর্বাঙ্গীণ উন্নতির জন্য বিশেষ গুরুত্ব দিচ্ছে।

এইচএলবিএস সংস্থাটি ভোপালে ইতোমধ্যেই একটি ইউনিট গড়ে তুলেছে। এছাড়াও শহরের আইটি পার্কে অত্যাধুনিক পদ্ধতিতে নানা সামগ্রী উৎপাদনের উদ্যোগ নেওয়া হয়েছে।

## সম্পাদকীয়

### পার্থ, অভিষেক ও মানিক, সঙ্গে নিয়োগ দুর্নীতির পরিকল্পনা! সিবিআইয়ের চার্জশিট-দাবি

নিয়োগের জন্য সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে 'কালীঘাটের কাকু'র থেকে ১৫ কোটি টাকা চেয়েছিলেন জনৈক অভিষেক বন্দ্যোপাধ্যায়! প্রাথমিকের নিয়োগ মামলায় অন্যতম অভিযুক্ত সুজয়কৃষ্ণের বিরুদ্ধে দেওয়া চার্জশিটে এক অডিয়ো ক্লিপের ভিত্তিতে এমনই দাবি করেছে সিবিআই। প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় এবং মানিক ভট্টাচার্যের নামও উল্লেখ করতে শোনা গিয়েছে ওই অডিয়ো ক্লিপে।আদালতে জমা দেওয়া চার্জশিটে তদন্তকারী সংস্থার আরও দাবি, অডিয়ো ক্লিপে পাওয়া গিয়েছে হুগলি জেলার প্রাথমিক বিদ্যালয় পরিষদের তৎকালীন সভাপতির প্রসঙ্গও। তাঁকে ফোন করে শান্তনু এক চাকরিপ্রার্থীকে হুগলির বলাগড়ে নিয়োগ দেওয়ার বিষয়ে কথা বলেন তাঁর সঙ্গে। পরে তদন্তে দেখা গিয়েছে, চাকরিপ্রার্থীর তালিকায় ওই প্রার্থীর নামের সঙ্গে শান্তনুর মোবাইল নম্বর উল্লেখ করা হয়েছে।কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা তাদের চার্জশিটে জানিয়েছে, ঘুষের টাকা দিতে ২০১৭ সালে বেহালায় 'কাকু'র বাড়িতে গিয়েছিলেন অপর দুই অভিযুক্ত কুন্তল ঘোষ, শান্তনু বন্দ্যোপাধ্যায়-সহ আরও দু'জন। সিবিআইয়ের দাবি, ওই সময়ে তাঁদের কথোপকথনের একটি অডিয়ো ক্লিপ তদন্তকারীদের হাতে এসেছে। কী ভাবে বেআইনি নিয়োগ চলত, এই চক্রে কারা ছিলেন, তা নিয়ে আলোচনা ওই অডিয়ো ক্লিপে রয়েছে বলে দাবি করা হয়েছে চার্জশিটে।অডিয়ো ক্লিপটি কী ভাবে পেলেন তদন্তকারীরা, তা-ও একটি অনুচ্ছেদ জুড়ে বিস্তারিত লেখা রয়েছে আদালতে জমা দেওয়া চার্জশিটে। সিবিআইয়ের দাবি, ২০১৭ সালের ওই দিন কুন্তলের নির্দেশেই তাঁর বেতনভুক কর্মী অরবিন্দ রায়বর্মণ একটি মোবাইলে কথোপকথন রেকর্ড করেন। পরে তা ল্যাপটপে সরিয়ে রাখা হয়। তদন্তে নেমে ওই অডিয়ো ক্লিপটি সিবিআইয়ের হাতে আসে। অডিয়ো ক্লিপটির 'সত্যতা' যাচাই করার জন্য সেটি সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্সেস ল্যাবরেটরিতে পাঠিয়েছে সিবিআই। পাশাপাশি, সুজয়কৃষ্ণ, কুন্তল এবং শান্তনুর কণ্ঠস্বরের নমুনাও দিল্লিতে পাঠানো হয়েছে পরীক্ষার জন্য। যদিও সাক্ষীদের মধ্যে কয়েক জন ওই অডিয়োর সত্যতার কথা স্বীকার করেছেন বলে সিবিআই সূত্রের খবর। সিবিআই চার্জশিটে জানিয়েছে, ২০১৭ সালের ওই দিন 'কাকু'র বাড়িতে কুন্তল এবং শান্তনুর সঙ্গে ছিলেন আরও দু'জন— অরবিন্দ এবং সুরজিৎ চন্দ। ঘটনাচক্রে, উভয়েই এই মামলার অন্যতম সাক্ষী। তাঁদের গোপন জবানবন্দিও সংগ্রহ করা হয়েছে।গত ২১ ফেব্রুয়ারি বিচার ভবনে সুজয়কৃষ্ণের বিরুদ্ধে চার্জশিট জমা দিয়েছে সিবিআই। সেই চার্জশিটে সিবিআই বিস্তারিত ভাবে এক ঘণ্টারও বেশি দৈর্ঘ্যের ওই অডিয়ো ক্লিপের কথোপকথনের বৃত্তান্ত জানিয়েছে। সিবিআইয়ের দাবি, অডিয়োয় জনৈক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম শোনা গিয়েছে। কিন্তু কে সেই অভিষেক, কী তাঁর পরিচয়, সে বিষয়ে কিছু উল্লেখ নেই ২৮ পাতার চার্জশিটে (তার প্রতিলিপি আনন্দবাজার অনলাইনের হেফাজতে রয়েছে)। রয়েছে শুধু নামটুকুই। যদিও বাকি অনেকের ক্ষেত্রে তাঁদের নামের সঙ্গে চার্জশিটে নির্দিষ্ট পরিচয়ের উল্লেখ করেছে সিবিআই। যেমন পার্থের ক্ষেত্রে তাঁর 'প্রাক্তন শিক্ষামন্ত্রী' পরিচয় লিখেছে সিবিআই। সুজয়কৃষ্ণের পরিচয় দিয়েছে 'লিপ্স অ্যান্ড বাউন্ডস'-এর 'চিফ অপারেটিং অফিসার' হিসাবে। চার্জশিট অনুযায়ী, শান্তনু এবং সুজয়কৃষ্ণ একই দলের (অর্থাৎ তৃণমূলের) সদস্য ছিলেন। তার পরে লেখা হয়েছে, তাঁরা তৃণমূল কংগ্রেস (যুবা)-এর সদস্য ছিলেন। সুজয়কৃষ্ণের 'সাব-এজেন্ট' হয়ে কাজ করতেন শান্তনু। তবে অভিষেকের ক্ষেত্রে সিবিআই কোনও পরিচয় চার্জশিটে দেয়নি। তিনি রাজনৈতিক ব্যক্তিত্ব, না ব্যবসায়ী, না কি শিক্ষা বা অন্য কোনও সরকারি দফতরের সঙ্গে যুক্ত, না কি বেসরকারি সংস্থায় কর্মরত, সে বিষয়ে সিবিআই চার্জশিটে একটি শব্দও ব্যয় করেনি। শুধু নামটিই লিখেছে তারা।

সিবিআই চার্জশিটের ১২ নম্বর পাতায় লেখা হয়েছে, ওই অডিয়ো ক্লিপের কথোপকথনে সুজয়কৃষ্ণকে বলতে শোনা গিয়েছে, ইতিপূর্বে নিশ্চিত হয়ে যাওয়া বেআইনি নিয়োগের জন্য ১৫ কোটি টাকা দাবি করেছিলেন অভিষেক। সুজয়কৃষ্ণ তখন বলেছিলেন, তিনি ওই টাকা দিতে অপারগ। কারণ, আগেই প্রার্থীপিছু সাড়ে ৬ লক্ষ টাকা করে নেওয়া হয়ে গিয়েছে।

# মায়ের আশীর্বাদ অসীম



**মৃত্যুঞ্জয় সরদার**
**(ষষ্ঠ পর্ব)**



তাই দেখুন আপনার কাছে খাবার নেই আর আমি দিব্যি এখন খাবো। এই বলে ভদ্রলোকটি সঙ্গে থাকা খাবার খেতে আরাম্ভ করলেন। স্বামীজী শুধু লোকটিকে বললেন - আমি ঈশ্বরের কৃপায় থাকি, তিনি যা করান আমি তাই করি। এই বলে স্বামীজী কাছেই একটি গাছের তলায় গিয়ে বসলেন। লোকটি খাবার খেতে খেতে স্বামীজীকে লক্ষ্য করতে লাগলেন। কিছুটা রাগান্বিত ভাবেই দেখতে লাগলেন। এবং মনে মনে ভাবতে লাগলেন- ঈশ্বর ঠিকই করেছেন, এই বয়সে কর্ম ত্যাগ করলে এই ভাবে অনাহারে থাকতে হয়।ঐদিকে স্বামীজী

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# গুরুত্বপূর্ণ রাসায়নিক-জৈব-তেজস্ক্রিয়-পারমানবিক(সিবিআরএন) প্রতিরক্ষা সরঞ্জাম ক্রয় সংক্রান্ত চুক্তি স্বাক্ষর করল ভারতীয় সেনা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভরতীয় সেনা ২২৩ টি অটোমেটিক কেমিক্যাল এজেন্ট ডিটেকশন অ্যান্ড অ্যালার্ম(এসিএডিএ)

সরঞ্জাম ক্রয়ের জন্য আজ মেসার্স এল অ্যান্ড টি লিমিটেডের সঙ্গে চুক্তিতে স্বাক্ষর করেছে। এইসব স্বয়ংচালিত রাসায়নিক চিহ্নিতকরণ এবং সতর্কীকরণ সরঞ্জামের মূল্য ৮০.৪৩ কোটি টাকা। ভারতীয় পণ্য ক্রয় করার ক্ষেত্রে সরকারের অগ্রাধিকারের সঙ্গে সাযুজ্যপূর্ণ এই পদক্ষেপের দরুণ আত্মনির্ভরতার উদ্যোগ জোরদার হবে। কারণ এইসব সরঞ্জামের ৮০ শতাংশ যন্ত্রাংশই তৈরি হবে দেশে।

এসিএডিএ-এর নকশা এবং উৎপাদনের দায়িত্বে ছিল ডিআরডিও-র গোয়ালিয়র কেন্দ্র।

বাতাসে রাসায়নিক যুদ্ধাস্ত্র মিশে আছে কিনা তা চিহ্নিত করতে পারে এসিএডিএ। এক্ষেত্রে যে নীতি ব্যবহার করা হয়, তা হল আয়ন মবিলিটি স্পেক্ট্রোমেট্রি। শিল্প দুর্ঘটনার সময়ও বাতাসে বিষাক্ত উপাদান মিশেছে কিনা, তাও বোঝা যাবে এই যন্ত্রের মাধ্যমে।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

পূজাবিধি সম্পন্ন হওয়ার পর পবিত্র কলসের জল ভক্তদের মধ্যে বিতরণ করা হয়। তারপর শিবভক্তরা কপালে ভস্ম দ্বারা ত্রিপুণ্ড্র (শৈব তিলক) লেপন করেন। পূজা শেষে ভক্তরা শিবমন্দির দর্শন করতে যান। এই দিনে শিব মন্দিরে প্রদীপ প্রজ্জ্বলন মঙ্গল বয়ে আনে। **ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সেলিমের উপরেই আস্থা রাখলেন দল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা :-** সিপিএমের ২৭ তম রাজ্য কমিটির বৈঠক শেষ। বিশেষ বৈচিত্র কিছু নেই। ফের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। বাদ গেলেন সুশান্ত ঘোষ সহ একাধিক পুরোনো নেতা। সেই তালিকায় ১৪ জন মহিলা রয়েছেন। সম্মেলনে কয়েকটি বিষয়ের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। যেমন মেন বিধানসভা ও লোকসভায় তারা 'শূন্য'? কেন দলের ভোট ক্রমাগত কমে চলেছে? কেমন মমতার ভোট বাড়ছে? কেন বামের ভোট রামে যাচ্ছে? ইত্যাদি নানা প্রসঙ্গেই আলোচনা হয়েছে। মহম্মদ সেলিমই যে পুনরায় রাজ্য সম্পাদক হবেন তা এক প্রকার নিশ্চিত ছিল। ঘোষণা ছিল শুধু সময়ের অপেক্ষা। ২০২৬-র বিধানসভা নির্বাচনে সিপিআইএম কর্মীরা ফের একবার লড়াই করবেন সেলিমের নেতৃত্বে। ডানকুনিতে ২২ ফেব্রুয়ারি থেকে শুরু হয়েছিল সিপিআইএম-র রাজ্য সম্মেলন। যা মঙ্গলবার শেষ হয়েছে। রাজ্য কমিটিতে ১১ জন



নতুন সদস্যকে যুক্ত করা হয়েছে। যাঁর মধ্যে জায়গা করে নিয়েছেন হুগলির ট্রেড ইউনিয়ন নেতা তীর্থঙ্কর রায়। সম্মেলন সুষ্ঠুভাবে সম্পন্ন হলেও দলীয় নেতৃত্ব আন্দোলন বিমুখ কর্মীদের নিয়ে। রাজ্য কমিটি থেকে বেশ কিছু মুখ বাদ পড়েছে, যা অনেককে অবাক করেছে। বাদ পড়ার তালিকায় রয়েছেন সুশান্ত ঘোষ, বাঁকুড়ার বর্ষীয়ান নেতা অমিয় পাত্র, বিকাশ রঞ্জন ভট্টাচার্য, উত্তরবঙ্গের সিপিআইএম নেতা জীবেশ সরকার। এক মহিলার অভিযোগের ভিত্তিতে সম্প্রতি সুশান্ত ঘোষকে নিয়ে অস্বস্তিতে পড়ে সিপিআইএম। তারপর থেকেই দল তাঁর থেকে দূরত্ব বাড়িয়েছিল। এবার রাজ্য কমিটি থেকে ছাঁটাই করা হল তাঁকে। অন্যদিকে বয়সজনিত কারণে অমিয় পাত্রকে এবার রাজ্য কমিটিতে রাখা হয়নি বলে খবর। বিশেষ আমন্ত্রিত সদস্য করা হয়েছে। বিকাশ ভট্টাচার্যকেও রাজ্য কমিটি থেকে বয়সজনিত কারণে সরতে হয়েছে। শোনা যাচ্ছিল এবার রাজ্য কমিটিতে থাকতে পারেন কলতান দাশগুপ্ত। কিন্তু তাঁকে রাখা হয়নি। মনে করা হচ্ছে আরজি কর কাণ্ড নিয়ে আন্দোলনের সময় কলতানের গ্রেফতারিতে দলের ভাবমূর্তি নষ্ট করেছিল। সেই কারণে রাজ্য কমিটিতে রাখা হয়নি তাঁকে।

রাজ্য কমিটিতে যেমন আছেন সুজন চক্রবর্তী, রামচন্দ্র ডোম, শমীক লাহিড়ি, নীরঞ্জন সিহি, সমন পাঠক, মৃণাল চক্রবর্তী, পুলিন বিহারী বাস্কে, অনাদী সাহু, তাপস সিনহা, গৌরাঙ্গ চ্যাটার্জির মত অভিজ্ঞ নেতারা, তেমন রয়েছেন শতরূপ ঘোষ, সৃজন ভট্টাচার্য, প্রতীক উর রহমন, মীনাক্ষী মুখার্জি, ইন্দ্রজিৎ ঘোষের মতো তরুণ নেতৃত্বরাও। বার বার করে আলোচনায় এসেছে যে দলকে আন্দোলনে ফেরাতে হবে। বিজেপিকে রুখতে কিছুটা ধর্মীয় আবেগ দলের অভ্যন্তরে শোনা গেছে।

## অক্ষয় তৃতীয়ায় উদ্বোধন হতে চলেছে মমতার সাধের জগন্নাথ মন্দির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বহু প্রতীক্ষার পরে দিঘার জগন্নাথ মন্দিরের উদ্বোধন হতে চলেছে আগামী ৩০ এপ্রিল, অক্ষয় তৃতীয়ার দিন। ৩০ এপ্রিল উদ্বোধনের পর এ বার থেকে দিঘাতেও শুরু হবে রথযাত্রা। দিঘার জগন্নাথ মন্দিরের জন্য ট্রাস্ট গঠন করা হয়েছে। এদিন ক্যাবিনেটের বৈঠকে ওই ট্রাস্ট পাশও করানো হয়। মন্দির ট্রাস্টের চেয়ারম্যান করা হয়েছে রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে। ২৭ জনের কমিটিতে ইসকন, পুরীর জগন্নাথ মন্দির, দিঘার মাসির বাড়ি, কালীঘাট মন্দির, রামকৃষ্ণ মিশন-সহ একাধিক প্রতিষ্ঠানের একজন করে সদস্যকে রাখা হয়েছে। শীঘ্রই কালীঘাটের স্কাইওয়াকেরও উদ্বোধন হবে বলে জানান মুখ্যমন্ত্রী।মুখ্যমন্ত্রী বলেন, "আমি হাইপ তুলতে চাই না। আমার নিজের যতটা ক্যাপাসিটি তার মধ্যে থেকেই আমি কাজ করতে চাই।" এ প্রসঙ্গ টেনে আনেন কুম্ভ মেলার কথাও। মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, "যোগীবাবু হয়তো রেগে যাবেন, কিন্তু যেটা সত্যি সেটা তো আমাকে বলতেই হবে।" সম্প্রতি কুম্ভমেলায় অমৃতস্নান করতে গিয়ে পদপিষ্ট হয়ে বহু মানুষের মৃত্যু হয়েছে। কুম্ভমেলার ভিড়কে কেন্দ্র করে দিল্লি স্টেশনেও পদপিষ্টের ঘটনা ঘটেছে। মুখ্যমন্ত্রীর কথায়, শুধু স্নান করতে গিয়ে পদপিষ্ট নয় কুম্ভ মেলাকে কেন্দ্র করে একাধিক দুর্ঘটনায় বহু মানুষ মারা গেলেন, সকলে যেন ক্ষতিপূরণ পান সেটা সরকারের দেখা উচিত। মনে করিয়েছেন, গঙ্গাসাগরকে নিয়ে তাঁরা কী ধরনের ব্যবস্থা নেন।




## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর "মন কি বাত" (১১৯ তম পর্ব) অনুষ্ঠানের বাংলা অনুবাদ

### (শেষ পর্ব)

কারণ হতে পারে। আমাদের খাদ্যাভ্যাসে ছোট ছোট পরিবর্তন এনে আমরা আমাদের ভবিষ্যৎকে আরও শক্তিশালী, সুস্থ এবং রোগমুক্ত করতে পারি। অতএব, কোনও বিলম্ব না করে, এই পথে আমাদের প্রচেষ্টা বাড়াতে হবে এবং এটিকে আমাদের জীবনে অন্তর্ভুক্ত করতে হবে। আমরা সকলেই একসঙ্গে খেলার ছলেই খুব কার্যকরভাবে করতে পারি। যেমন মন কি বাতের এই পর্বের পর, আমি ১০ জনকে অনুরোধ করব, challenge করব যে তারা কি তাদের রোজকার খাবারে তেল ১০% কম ব্যবহার করতে পারে? আমি তাঁদের এও অনুরোধ করব যে, একই চ্যালেঞ্জ ১০ জন নতুন ব্যক্তিকে ছুঁড়ে দিন। আমার বিশ্বাস এটি স্থূলতার বিরুদ্ধে লড়াইয়ে অনেকটাই সাহায্য করবে।

বন্ধুরা, তোমরা কি জানো asiatic lion, hangul, pygmy hogs এবং lion-tailed macaque- এর মধ্যে কী মিল? উত্তর হলো, এগুলো পৃথিবীর কোথাও পাওয়া যায় না, শুধু আমাদের দেশেই পাওয়া যায়। সত্যিই, আমাদের এখানে উদ্ভিদ ও প্রাণীর একটি অত্যন্ত প্রাণবন্ত বাস্তুতন্ত্র রয়েছে। আর এই বন্য প্রাণীগুলো আমাদের ইতিহাস ও সংস্কৃতিতে গভীরভাবে প্রোথিত। অনেক প্রাণীকে আমাদের দেব-দেবীর বাহন হিসেবেও দেখা হয়। মধ্য ভারতের অনেক উপজাতি বাগেশ্বরের পূজা করে। মহারাষ্ট্রে বাঘোবার পূজার একটি ঐতিহ্য রয়েছে। বাঘের সঙ্গে ভগবান আয়াপ্পারও খুব গভীর সম্পর্ক রয়েছে।

সুন্দরবনে বনবিবির পূজা অর্চনা করা হয়, যাঁর বাহন বাঘ। আমাদের এখানে কর্নাটকের হুলী বেশা, তামিলনাড়ুর পুলি এবং কেরলের পুলিকলীর মতো অনেক সাংস্কৃতিক নৃত্য আছে , যা প্রকৃতি ও বন্য জীবনের সঙ্গে জড়িয়ে রয়েছে। আমি আমাদের আদিবাসী ভাই বোনদেরও অনেক কৃতজ্ঞতা জানাই কারণ তাঁরা Wildlife Protection-এর সঙ্গে যুক্ত কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। কর্নাটকের BRT Tiger Reserve-এ বাঘের সংখ্যা ক্রমশ বেড়ে চলেছে। এর বেশিরভাগ Credit Soliga Tribes-এর, যাঁরা বাঘের পুজো করেন। এঁদের জন্য এই এলাকায় man-animal conflict নেই বললেই চলে। গুজরাটের মানুষেরাও গীর-এর Asiatic Lion-এর সুরক্ষা ও সংরক্ষণে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তাঁরা বিশ্বকে দেখিয়ে দিলেন যে প্রকৃতির সঙ্গে co-existence আসলে কি? বন্ধুরা, এইসব প্রচেষ্টার জন্যই বিগত কয়েক বছরে বাঘ, চিতাবাঘ, Asiatic Lion, Rhino এবং বারা-সিংহা হরিণের সংখ্যা দ্রুত বৃদ্ধি পেয়েছে, ও ভারতে বন্যপ্রাণীর diversity এতটাই সুন্দর, যে সেটাও চোখে পড়ার মতো। Asiatic Lion দেশের পশ্চিমাঞ্চলে পাওয়া যায়, আবার বাঘের বিচরণ ক্ষেত্র পূর্ব, মধ্য ও দক্ষিণ ভারত, আবার Rhino উত্তর পূর্ব ভারতে পাওয়া যায়। ভারতের সমস্ত অঞ্চল শুধুমাত্র প্রকৃতির জন্য সংবেদনশীলই নয়, উপরন্তু Wildlife Protection-এর জন্যেও প্রতিশ্রুতিবদ্ধ। আমাকে অনুরাধা রাও জির সম্পর্কে জানানো হয়েছে, যাঁর বহু প্রজন্মের সম্পর্ক আন্দামান ও নিকোবার দ্বীপপুঞ্জের সঙ্গে রয়েছে। অল্প বয়সেই অনুরাধাজি Animal Welfare-এর কাজে নিজেকে উৎসর্গ করেছিলেন। উনি তিন দশক ধরে হরিণ ও ময়ূরের সংরক্ষণকে নিজের mission করে নিয়েছেন। এখানকার মানুষ ওঁকে 'Deer Woman' নামে ডাকে। পরের মাসে শুরুর দিকে আমরা World Wildlife Day উদযাপন করব। আমি অনুরোধ করব আপনারা wildlife protection-এর সঙ্গে যাঁরা যুক্ত, তাঁদের অবশ্যই উৎসাহিত করুন। এটা আমার জন্য খুবই তৃপ্তির বিষয় যে এই ক্ষেত্রে এখন অনেক Start-upও শুরু হয়েছে।

বন্ধুরা, এখন Board Exam এর season। যুবা বন্ধুদের জন্য অর্থাৎ Exam Warriors দের আসন্ন পরীক্ষার উদ্দেশ্যে আমার শুভ কামনা রইলো। তোমরা কোন Stress ছাড়াই সম্পূর্ণ Positive Spirit এর সঙ্গে নিজেদের পরীক্ষা দাও। প্রতি বছর 'পরীক্ষা পে চর্চা'- অনুষ্ঠান টিতে আমি আমাদের Exam Warriors দের সঙ্গে পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে কথা বলি। আমি খুশি যে এখন এই অনুষ্ঠানটি প্রাতিষ্ঠানিক রূপ নিতে শুরু করেছে, Institutionalise হতে চলেছে। নতুন নতুন Experts রাও এই অনুষ্ঠানের সঙ্গে যুক্ত হচ্ছেন। এই বছর আমরা 'পরীক্ষা পে চর্চা' 'একটি নতুন Format এ করার চেষ্টা করেছি। Experts দের সঙ্গে, আটটি ভিন্ন ভিন্ন এপিসোড অন্তর্ভুক্ত করা হয়েছিল। আমরা overall Exam থেকে শুরু করে Health Care এবং mental health এর সঙ্গে সঠিক খাদ্যাভ্যাসের মত বিষয়গুলি কভার করেছি। সেখানেই গত বছরের পরীক্ষার toppersরা তাদের নিজের চিন্তা ভাবনা, অনুভূতি সবার সঙ্গে share করেছে। বহু যুবা বন্ধু, ওদের parents এবং Teachers-রা এই বিষয়ে আমাকে চিঠি লিখেছেন। ওনারা এই format এর ভূয়সি প্রশংসা করেছেন, কারণ এই অনুষ্ঠানে অনেক বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। Instagram এও আমার বহু যুবা বন্ধু এই Episode টা দেখেছে। দিল্লির সুন্দর নার্সারিতে এই অনুষ্ঠানটি আয়োজন করা আপনারা অনেকেই খুবই পছন্দ করেছেন। আমাদের যুবা বন্ধুদের মধ্যে যারা এখনও পর্যন্ত 'পরীক্ষা পে চর্চা'-এর এই পর্বগুলো দেখতে পারো নি, তারা অবশ্যই দেখবে। এর সমস্ত Episode NaMoApp-এ রাখা আছে। আবারও Exam Warriors দের প্রতি আমার এই message রইল যে "Be happy and Stress free"।

আমার প্রিয় বন্ধুরা, মন কি বাত অনুষ্ঠান আজ এই পর্যন্তই। আগামী মাসে নতুন বিষয়ের সঙ্গে আবার সবাই মিলে 'মন কি বাত' করব। আপনারা আমাকে আপনাদের চিঠি, বার্তা, পাঠাতে থাকুন। সুস্থ থাকুন, আনন্দে থাকুন। আপনাদের অনেক অনেক ধন্যবাদ! নমস্কার।

# সিনেমার খবর

cinema TV

## বয়সে ১০ বছরের ছোট প্রেমিককে বিয়ে করছেন কৃতি





স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

পুরো ২০২৪ সালজুড়েই এক যুবকের সঙ্গে কাটাতে দেখা গেছে বলিউডের তারকা অভিনেত্রী কৃতি শ্যাননকে। কে এই যুবক? তা নিয়ে কম আলোচনা হয়নি। তবে ২০২৪-এর শেষের দিকে এসে জানা যায়, যুবকের নাম কবীর বাহিয়া। যিনি পেশায় একজন ব্যবসায়ী ও কোটিপতি।

নতুন বছরের শুরুতেই কবীরকে নিয়ে দিল্লি এসেছেন কৃতি। শোনা যাচ্ছে, প্রেমিকের দিল্লি আসার কারণ তাকে বাবা-মায়ের সঙ্গে আলাপ করাতে চান কৃতি। এটাও শোনা যাচ্ছে, সব ঠিকঠাক থাকলে নাকি চলতি বছরেই বিয়ের পিঁড়িতে বসবেন তারা।

তবে এসবের মধ্যেই যা নিয়ে সবচেয়ে বেশি আলোচনা হচ্ছে তা হলো, দুইজনের বয়সের পার্থক্য। কৃতির থেকে বয়সে অনেকটা ছোট কবীর। সেটাও নাকি চোখে পড়ার মতো। লাস্যময়ী এই অভিনেত্রীর বর্তমান বয়স ৩৪ বছর। অন্যদিকে কবীরের বয়স ২৪ বছর। দুইজনের বয়সের পার্থক্য প্রায় ১০ বছরের। তবে ভালোবাসায় কবেই সেসব বাধা হয়ে দাঁড়িয়েছে?

অভিনেত্রীর ঘনিষ্ঠমহল জানাচ্ছে, দুইজনেই দুইজনের প্রেমে মজেছেন। যে কারণে খুব শিগগিরই বিয়ের পরিকল্পনা করছেন এই জুটি। চলতি বছরটা কৃতি শুরুই করেছিলেন কবীরের সঙ্গে। বর্ষবরণের রাতে একসঙ্গে ক্যামেরাবন্দি হন তারা। তবে এযাবৎ কৃতি বা কবীর কেউই তাদের প্রেমের কথা স্বীকার করেননি।

এর আগে সুশান্ত সিং রাজপুতের সঙ্গে নাম জড়িয়েছিল কৃতির। শোনা যায়, একসঙ্গে ছবি করতে গিয়েই নাকি প্রেমে পড়েন তারা। সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর পর তাকে উদ্দেশ্য করে এক মন উজাড় করা পোস্ট করেছিলেন কৃতি। তবে সুশান্ত অধ্যায় এখন অতীত। বয়সে ১০ বছরের ছোট কবীরকেই মন দিয়েছেন তিনি। দুজনের বিয়েটাও নাকি এখন শুধুই সময়ের অপেক্ষা।

## গায়ক পরিচয়ে আসছেন অক্ষয়

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউডে একটা সময় অক্ষয় কুমারের সিনেমা মানেই ২০০ কোটির ক্লাব। বক্স অফিসের খিলাড়ি ছিলেন অক্ষয়। কিন্তু কয়েক বছর ধরে হিটের মুখ দেখছেন না অভিনেতা, বরং সেই ‘বেলবটম’, ‘রামসেতু’, ‘রক্ষাবন্ধন’ ছবি থেকে ফ্লপের শুরু। মাঝে ‘ও মাই গড ২’ অল্প ব্যবসা করলেও কোটি কোটি টাকা রোজগারে ব্যর্থ অক্ষয়।

সর্বশেষ মুক্তি পাওয়া তার ‘খেল খেল মে’ ছবি সুপারফ্লপ!



অক্ষয় কুমার

এমন পরিস্থিতিতে নতুন পরিচয়ে আসছেন অক্ষয়।

সম্প্রতি এই অভিনেতা তার ইনস্টাগ্রামে একটি ছবি পোস্ট করেছেন। যেখানে দেখা গেছে, শিবলিঙ্গকে জড়িয়ে বসে রয়েছেন অক্ষয়। ছবি শেয়ার করে অভিনেতা লিখলেন, ওম নম শিবায়, মহাকালের শক্তি আর ভক্তি অনুভব করে নিন।

জানা গেছে, অভিনয়ের পাশাপাশি এবার গায়ক হয়ে আসছেন অক্ষয়। নিজেই প্রকাশ্যে আনছেন গানের ভিডিও। আর খিলাড়ি কুমারের গানের যাত্রা শুরু শিব আরাধনার হাত ধরেই।

তারই প্রথম ঝলক প্রকাশ্যে আনলেন অক্ষয়। তার এই গানের অ্যালবামের নাম ‘মহাকাল চলো’। গানটিতে অক্ষয় ছাড়া আরো কণ্ঠ দিয়েছেন পলাশ সেন, বিক্রম।

## ওটিটি নিয়ে বিস্ফোরক মন্তব্য আমিরের সাবেক স্ত্রীর



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউডের সুপারস্টার আমির খানের সাবেক স্ত্রী কিরণ রাও-এর আরও একটা পরিচয় তিনি বলিউডের স্বনামধন্য পরিচালক। ‘লাপাতা লেডিজ’, ‘ধোবি ঘাট’-এর মত একের পর এক দর্শকের মন ছুঁয়ে যাওয়া সিনেমায় নিজেকে প্রমাণ করেছেন এই নির্দেশক। এবার ওটিটি-তে মুক্তি পাওয়া সিনেমা, সিরিজ প্রসঙ্গে খোলামেলা কথা বলেছেন।

ডিজিটাল মাধ্যমের চাহিদা যতই বাড়ুক, এই ব্যাপারে ভিন্ন মত কিরণের। স্ক্রিন রাইটার্স অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার আয়োজিত ইন্ডিয়ান স্ক্রিন রাইটার্স কনফারেন্সে এই বিষয় নিয়ে কথা বলেন কিরণ।

কিরণের কথায়, ‘ভারতের ওটিটি প্ল্যাটফর্মে আমরা যা দেখি আর বড় পর্দায় মুক্তিপ্রাপ্ত সিনেমায় যা দেখি, তার মধ্যে কোনও পার্থক্য নেই খুব একটা।’

‘বিশ্ব পরিবর্তনের যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তা আমার মতে পূরণ করা সম্ভব হয়নি হয়ত। আমার মনে হয়, সাময়িকভাবে কিছু পরিবর্তন হয়েছে কিন্তু এটা বিবর্তন নয়।’

তার ভাষ্য, ‘এক দশকেরও কিছুটা সময় আগে যখন ভারতে ওটিটি শুরু হয়েছিল, তখন মানুষ খুবই স্বাধীন এবং সৃজনশীল ছিল। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে অন্যান্য দিকগুলোও এতে প্রাধান্য পেয়েছে। ওটিটি ছিল সোনার ডিমের মতো। প্রত্যেকেই যা স্বপ্ন দেখেছিল তা হয়ত করতে পারত।’

শেষে বলেন, ‘এই মাধ্যমে অনেক প্রতিশ্রুতি আছে। অনেক গল্প বলার আছে। আমি জানি না কতজন সেটা করতে পেরেছে। সব কিছুর মতো ওটিটিরও একটা স্বর্ণযুগ ছিল। কিন্তু আমি নিশ্চিত নই যে এরপর কী? ভারতে ওটিটি নিয়ে আরও অনেক কিছু করার প্রয়োজন আছে।’

# আট গোলের ম্যাচে বার্সা-অ্যাতলেটিকোর পয়েন্ট ভাগাভাগি

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



কোপা দেল রের সেমিফাইনালে বার্সেলোনা ও অ্যাতলেটিকো মাদ্রিদের ম্যাচটি ড্র হয়েছে। মঙ্গলবার (২৬ ফেব্রুয়ারি) রাতে সেমিফাইনালের লড়াইটা হলো রাজসিক। বার্সেলোনার ২-০ গোলে পিছিয়ে পড়া। সেখান থেকে ৪-২ হলো স্কোরলাইন। ম্যাচের ৯৩ মিনিটে সেটাই হলো ৪-৪।

ঘরের মাঠে ম্যাচের ৪৬ সেকেন্ডেই পিছিয়ে পড়েছিল বার্সেলোনা। কর্নার থেকে একটা ছোট ওয়ান-টু-ওয়ান শেষে গ্রিজমান ক্রস বাড়ান বক্সে। ক্লেমেন্ত লংলের হেড থেকে বল ভাসলো হাওয়ায়। ভলিতে বল জালে পাঠান আর্জেন্টাইন ফরোয়ার্ড আলভারেজ। ৬ষ্ঠ মিনিটেই ফের গোল হজম করে বার্সেলোনা। জুলস কুন্দের ভুল পাসের সুবাদে গোলের সুবর্ণ সুযোগ পেয়ে যায় সফরকারীরা। আলভারেজের পাস আর গ্রিজমানের ফিনিশে অ্যাতলেটিকোর লিড ২-০ গোলে।

ম্যাচের এরপরের সময়টা শুধুই বার্সেলোনার। দ্বাদশ মিনিটে গোলের সুযোগ হারান ফেরান তরেস। রাফিনিয়ার পাস থেকে হুয়ান মুসোকে ওয়ান অন ওয়ানে পরাস্ত করতে পারেননি। কিন্তু হাল ছাড়েনি বার্সা। বরং ১৯ থেকে ২১ এই তিন মিনিটে তারা ম্যাচে ফিরিয়েছে সমতা। জুলস কুন্দের পাস থেকে প্রথম গোল পেদ্রির। আর ২১ মিনিটে রাফিনিয়ার কর্ণার থেকে হেডে গোল পাউ কুবার্সির।

৩২তম মিনিটে ফের গোলের কাছে গিয়ে হতাশ হতে হয় ফেরান তোরেসকে। বার্সেলোনার আক্রমণে তখন অ্যাতলেটিকো রীতিমতো দিশেহারা। সেটার সুফলও স্বাগতিকরা পেয়ে যায় ৪১ মিনিটে। এবারেও রাফিনিয়ার ক্রসনার। ইনিগো মার্তিনেজ অনেকটা দৌড়ে নিয়েছেন নিখুঁত হেড। প্রথমার্ধের যোগ করা সময়ে লামিনে ইয়ামাল ও দানি ওলমোর শট ঠেকিয়ে ব্যবধান বাড়তে দেননি আর্জেন্টাইন গোলরক্ষক মুসো।

বিরতির পর ওলশেক সেজনিও দেখালেন নিজের গ্লাভসের দৃঢ়তা। গ্রিজমানের নেয়া শট ফেরান তিনি। ৭২ মিনিটে অবশ্য গোল পেয়ে গিয়েছিল অ্যাতলেটিকো। যদিও অফসাইডের কারণে গোল পায়নি সিমিওনে শিষ্যরা। ৭৪তম মিনিটে স্কোরলাইন ৪-২ করেন বদলি নামা লেভানডফস্কি। এখান থেকেই শুরু অ্যাতলেটিকোর ম্যাচে ফেরার শেষ লড়াই। মিনিট দশেক পর জোরাল শটে বার্সার জাল কাঁপান অ্যাতলেটিকো ডিফেন্ডার মার্কোস লরেন্তে। আর ৯৩তম মিনিটে সরলথের গোলে ম্যাচে সমতা আনে সফরকারীরা।

## পাকিস্তানের বিপক্ষে জিতবে বাংলাদেশ, বিশ্বাস হরভজনের



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি থেকে বিদায় নিশ্চিত হয়েছে বাংলাদেশ ও পাকিস্তান দুই দলেরই। ২৭ ফেব্রুয়ারি দুই দলের মধ্যকার ম্যাচটা তাই কেবলই আনুষ্ঠানিকতার। তবে মর্যাদা রক্ষার খাতিরে এই ম্যাচকেও গুরুত্বের সঙ্গে নিচ্ছে দুই দল।

ভারতের সাবেক স্পিনার হরভজন সিংয়ের মতে, ব্যর্থতার বৃত্তে বন্দী থাকা পাকিস্তান নিজেদের শেষ ম্যাচের হারবে, ম্যাচে শেষ হাসি হাসবে বাংলাদেশ।

গণমাধ্যমের সঙ্গে আলাপকালে বাংলাদেশ দলের প্রশংসা করে তিনি বলেন, বাংলাদেশ খারাপ দল নয়। গত কয়েক বছরে তারা উন্নতি করেছে। তারা অনেক শিখেছে। যত বেশি খেলবে, তত শিখবে। শুভকামনা রইল।

তিনি আরও বলেন, আমার মনে হয় বাংলাদেশ দল পাকিস্তানকে হারিয়ে দেবে। বাংলাদেশ আর ওই দল নেই যাদের বিপক্ষে যেকোনো দল সহজে জিতে যাবে। এই বাংলাদেশ দল লড়াকু।

## দুর্দান্ত জয়ে শীর্ষ চারে চেলসি!



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

ইংলিশ প্রিমিয়ার লিগে দুর্দান্ত পারফরম্যান্স দেখাল চেলসি। সাউদাম্পটনকে ৪-০ গোলে বিধ্বস্ত করলো এনজো মারেসকার শিষ্যরা। এর মাধ্যমে পয়েন্ট তালিকায় সাত নম্বর থেকে এক লাফে চতুর্থ স্থানে উঠে এসেছে তারা। ইংল্যান্ডের শীর্ষ লিগে টানা দুই হারের পর জয়ে ফিরল দলটি।

গত ১৫ ফেব্রুয়ারি ব্রাইটনের কাছে ৩-০ গোলে হেরে যায় চেলসি। এরপর ২২ ফেব্রুয়ারি অ্যাস্টন ভিলার কাছে ২-১ ব্যবধানে হারে তারা। টানা দুই হারে বেশ বিপর্যস্ত ছিল দলটি। পাশাপাশি সেরা চারে থেকে মৌসুম শেষ করার পথে শঙ্কায় পড়ে যায়। তবে সাউদাম্পটনকে হারিয়ে এবার সেই শঙ্কা দূর করে স্বস্তির দেখা মিলল চেলসির।

ম্যাচের শুরু থেকেই আধিপত্য ধরে রাখে চেলসি। স্ট্যাম্পফোর্ড ব্রিজে ২৪ মিনিটে এনকুকুর কল্যাণে এগিয়ে যায় দলটি। ১২ মিনিটের ব্যবধানে দলটির হয়ে দ্বিতীয় গোল করেন পেদ্রো নেতো। ৪৪ মিনিটে পেদ্রো নেতোর ফ্রি-কিক থেকে লেভি কলউইল হেড করে গোল করেন, ফলে প্রথমার্ধেই ৩-০ ব্যবধানে এগিয়ে যায় ব্লুজরা। ৭৮ মিনিটে সাউদাম্পটনের জালে শেষ গোলটি করেন কুকুরেলা।

এর বিপরীতে একটি গোলও করতে পারেনি সাউদাম্পটন। ২৭ ম্যাচ শেষে টেবিলের চতুর্থ অবস্থানে রয়েছে চেলসি। তাদের সংগ্রহ ৪৬ পয়েন্ট। ৬৪ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে লিভারপুল। ৫৩ পয়েন্ট নিয়ে দ্বিতীয় অবস্থানে আর্সেনাল।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 19D, Jamir Lane, Kolkata- 700019 & 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR